

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৯০২ ৩১/ হৃদয়-গলানো উপদেশ পরিচ্ছেদঃ জান্নাতের বিবরণ

আরবী

وَعَنْ صُهَيبٍ أَنَّ رَسُوْلَ اللهِ عَلَيْ قَالَ إِذَا دَخَلَ أَهْلُ الجَنَّةِ الجَنَّةَ يَقُولُ اللهُ تَبَارَكَ وَتَعَالَى: تُريدُونَ شَيئاً أَزِيدُكُمْ ؟ فَيَقُولُونَ : أَلَمْ تُبَيِّضْ وُجُوهَنَا ؟ أَلَمْ تُدخِلْنَا الجَنَّةَ وَتُعَالَى: تُريدُونَ شَيئاً أَرِيدُكُمْ أَ فَيَقُولُونَ : أَلَمْ تُبَيِّضْ وُجُوهَنَا ؟ أَلَمْ تُدخِلْنَا الجَنَّةَ وَتَعَالَى وَبَهِمْ وَتَ النَّظَرِ إِلَى رَبِّهِمْ وَتُنَجِّنَا مِنَ النَّارِ ؟ فَيَكْشِفُ الحِجَابَ فَمَا أَعْطُوا شَيْئاً أَحَبَّ إِلَيْهِمْ مِنَ النَّظَرِ إِلَى رَبِّهِمْ رواه مسلم

বাংলা

(৩৯০২) সুহাইব (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "জান্নাতীরা যখন জান্নাতে প্রবেশ করে যাবে, তখন মহান বরকতময় আল্লাহ বলবেন, 'তোমরা কি চাও যে, আমি তোমাদের জন্য আরো কিছু বেশি দিই?' তারা বলবে, 'তুমি কি আমাদের মুখমণ্ডল উজ্জ্বল করে দাওনি? আমাদেরকে তুমি জান্নাতে প্রবিষ্ট করনি এবং জাহান্নাম থেকে মুক্তি দাওনি?' অতঃপর আল্লাহ (হঠাৎ) পর্দা সরিয়ে দেবেন (এবং তারা তাঁর চেহারা দর্শন লাভ করবে)। সুতরাং জান্নাতের লব্ধ যাবতীয় সুখ-সামগ্রীর মধ্যে জান্নাতীদের নিকট তাদের প্রভুর দর্শন (দীদার)ই হবে সবচেয়ে বেশী প্রিয়।" (আহমাদ ৪/৩৩২, মুসলিম ৪৬৭)

মহান আল্লাহ বলেছেন,

إِنَّ الَّذِيْنَ أَمَنُوْا وَعَمِلُوا الصِّلِحَتِ يَهْدِيْهِمْ رَبُّهُمْ بِإِيْمَانِهِمْقَ تَجْرِىْ مِنْ تَحْتِهِمُ الْأَنْهٰرُ فِىْ جَنَّتِ النَّعِيْمِدِ دَعْوْبهُمْ فِيْهَا سُبُحْنَكَ اللَّهُمَّ وَتَحِيَّتُهُمْ فِيْهَا سَلَمُّقَ وَأَخِرُ دَعْوْبهُمْ أَنِ الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَلَمِيْنَ

অর্থাৎ, নিশ্চয়ই যারা বিশ্বাস করেছে এবং ভাল কাজ করেছে তাদের প্রতিপালক তাদের বিশ্বাসের কারণে তাদেরকে পথ প্রদর্শন করবেন, শান্তির উদ্যানসমূহে তাদের (বাসস্থানের) তলদেশ দিয়ে নদীমালা প্রবাহিত থাকবে। সেখানে তাদের বাক্য হবে, 'সুবহানাকাল্লাহুম্মা' (হে আল্লাহ! তুমি মহান পবিত্র)! এবং পরস্পরের অভিবাদন হবে সালাম। আর তাদের শেষ বাক্য হবে, 'আলহামদু লিল্লাহি রাব্বিল আলামীন' (সমস্ত প্রশংসা সারা জাহানের প্রতিপালক আল্লাহর জন্য)। (সূরা ইউনুস ৯-১০)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ সুহায়ব আর্ রূমী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন